



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ২১ ফেব্রুয়ারি ২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

মাটিরঙ্গায় পাহাড়ীদের উপর সেটলার হামলার নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) খাগড়াছড়ি জেলা ইউনিটের প্রধান সংগঠক প্রদীপন খীসা আজ ২১ ফেব্রুয়ারী ২০১৬ রবিবার এক বিবৃতিতে জেলার মাটিরঙ্গায় নিরীহ পাহাড়ীদের উপর সেটলার হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন এবং অবিলম্বে দোষীদের গ্রেফতারপূর্বক দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেছেন।

বিবৃতিতে তিনি বলেন, 'আজ সকালে জেলার অন্যতম পর্যটন স্পট আলুটিলা রিছাং বর্ণা এলাকার জঙ্গল থেকে আজিজুল হাকিম নামে এক মোটর সাইকেল চালকের লাশ উদ্ধার করার পর দুপুরের দিকে কিছু সেটলার মাটিরঙ্গা বাজারে পাহাড়ীদের উপর হামলা চালিয়ে উছিমং মারমা (১৮) নামে এক কলেজ ছাত্রসহ কমপক্ষে ১০-১২ জনকে আহত করেছে। এর মধ্যে গুরুতর আহত উছিমং মারমা খাগড়াছড়ি সরকারি কলেজের দ্বাদশ শ্রেণীর ছাত্র। তিনি লক্ষ্মীছড়ি উপজেলার মংলা পাড়ার অংগ্যজাই মারমার ছেলে। সকালে তিনি বাড়ি থেকে খাগড়াছড়ি আসার পথে মাটিরঙ্গা বাজারে পৌঁছলে সেটলাররা তাকে গাড়ি থেকে নামিয়ে মারধর করে। তার পুরো শরীরে আঘাতের চিহ্ন রয়েছে। তাকে বর্তমানে মাটিরঙ্গা উপজেলা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। এছাড়া একই গ্রামের সাজাইউ মারমার ছেলে মংসানো মারমা নামে অপর একজনকে আহত অবস্থায় পুলিশ প্রথমে মাটিরঙ্গা থানায় নিয়ে যায়। পরে বিকালে তাকেও মাটিরঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। একই গাড়িতে করে তিনিও খাগড়াছড়ি আসছিলেন।

প্রদীপন খীসা অভিযোগ করে বলেন, হামলার সময় আত্মসী সেটলাররা মাটিরঙ্গা বাজারে দোকানপাট বন্ধ করে দেয়, খাগড়াছড়ি - ঢাকা - চট্টগ্রাম সড়ক অবরোধ করে মিছিল সমাবেশ করে এবং গাড়ি ভাঙচুর ও পাহাড়ীদের মারধর করে। এ সময় সেনাবাহিনী ও পুলিশ উপস্থিত থাকলেও সেটলারদের বিরুদ্ধে কোন পদক্ষেপ গ্রহণ করেনি।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা আরো বলেন, নিহত আজিজুল হাকিমের মৃত্যু রহস্য অনুসন্ধান না করে অন্যায়ভাবে পাহাড়ীদের দায়ি করে তাদের উপর সাম্প্রদায়িক হামলা চালানো কেবল নিন্দনীয়, গর্হিত ও অপরাধমূলক কাজ নয়, তা সভ্য সমাজের সকল মূল্যবোধের বিরোধী।

তিনি মোটর সাইকেল চালক আজিজুল হকের মৃত্যুর ঘটনার নিরপেক্ষ ও যথাযথ তদন্ত ও খুন হয়ে থাকলে খুনীদের আইনানুগ শাস্তি এবং একই সাথে মাটিরঙ্গায় পাহাড়ীদের উপর হামলার সাথে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবি জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।